

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৫.২০২১. ১৬৭

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯
১০ এপ্রিল ২০২২

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া সরকারি কলেজ, কুমিল্লা গত ২৩/১০/২০১৬ খ্রিস্টাব্দ হতে ৩১/০১/২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৩ (তিনি) বছর ০৩ (তিনি) মাস ০৮ (আট) দিন ও অতিরিক্ত ০১ (এক) মাস ১০ (দশ) দিন ছুটিসহ সর্বমোট ০৩ (তিনি) বছর ০৪ (চার) মাস ১৮ (আঠারো) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদত্ত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া সরকারি কলেজ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন গুরুদত্ত দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করা জন্য নির্দেশ দেয়া হলো।


(মোঃ আবু বকর ছেন্দীক)
সচিব

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৪ (চার) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২)
সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া সরকারি কলেজ, কুমিল্লা

স্থায়ী ঠিকানা:

জনাব এস এম আকরামুল কবির
পিতা- এস এম ফয়েজুল কবির, মাতা- সুলতানা বেগম
গ্রাম- অষ্টগ্রাম, মরিয়ম ভিলা, ডাকঘর- মিয়ারবাজার
থানা- লাঙ্গলকোর্ট, জেলা- কুমিল্লা।

অনুলিপি :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।